

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইন্সট্রাক্টরের কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
হাজীগঞ্জ, চাঁদপুর।

স্মারক নং:ইউআরসি/হাজী/চাঁদ/বাংলা/ ২০২৩/৬৫

তারিখ: ০৬/০৪/২০২৩ খ্রি:


বিষয়: বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণে শিক্ষক ও প্রশিক্ষক ডেপুটেশন প্রসংগে।

সূত্র: ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০১.২০.৪৫ তাং ০৫/০৪/২০২৩খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থ বছরে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীর(পিইডিপি-৪) আওতায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণ আগামী ১১/০৪/২০২৩ইং তারিখ থেকে হাজীগঞ্জ ইউআরসিতে শুরু হবে। ১ম পর্যায়ে প্রতি বিদ্যালয় থেকে ১ম ও ২য় শ্রেণিতে বাংলা বিষয় পাঠদান করেন এমন ১জন শিক্ষক প্রশিক্ষণের জন্য মনোনীত হবেন। সকল বিদ্যালয় থেকে ০১জন প্রশিক্ষণ গ্রহণ করার পর অপর একজন শিক্ষক প্রশিক্ষণের জন্য মনোনীত হবেন, যিনি ৩য় থেকে ৫ম শ্রেণিতে বাংলা বিষয় পাঠদান করেন। ২০২৩ সালে বাংলা বিষয়ের উপর TOT প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের মধ্য থেকে প্রতি ব্যাচে ০২ জন প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন। উল্লিখিত নীতিমালা এবং পরিকল্পনা অনুযায়ী প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষার্থী ও ০২ জন প্রশিক্ষক ডেপুটেশন প্রদানসহ ৮.৩০টায় ইউআরসিতে উপস্থিতি নিশ্চিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি। নির্বাচিত প্রশিক্ষার্থী(শিক্ষকদের) PEMIS সফটওয়্যার এ বিষয়ভিত্তিক (বাংলা)প্রশিক্ষার্থী হিসেবে মনোনয়ন নিশ্চিত করবেন। প্রশিক্ষণ সকাল ০৯টা থেকে বিকাল ০৫টা পর্যন্ত।

পরিকল্পনা

ব্যাচ নং	অংশগ্রহনকারীর সংখ্যা	প্রশিক্ষণের তারিখ	মন্তব্য
০১	৩০ জন	১১/০৪/২০২৩ ইং তারিখ থেকে ১৭/০৪/২০২৩ইং পর্যন্ত ০৬দিন	১৪/০৪/২৩খ্রি. প্রশিক্ষণ বন্ধ থাকবে
০২	৩০ জন	২৭/০৪/২০২৩ ইং তারিখ থেকে ০৩/০৫/২০২৩ইং পর্যন্ত ০৬দিন	০১/০৫/২৩ খ্রি. প্রশিক্ষণ বন্ধ থাকবে
০৩	৩০ জন	০৬/০৫/২০২৩ ইং তারিখ থেকে ১১/০৫/২০২৩ইং পর্যন্ত ০৬দিন	
০৪	৩০ জন	১৩/০৫/২০২৩ ইং তারিখ থেকে ১৮/০৫/২০২৩ইং পর্যন্ত ০৬দিন	


০৬/০৪/২০২৩

রশেদা আতিক রোজী

ইন্সট্রাক্টর

উপজেলা রিসোর্স সেন্টার

হাজীগঞ্জ, চাঁদপুর।

প্রাপক: উপজেলা শিক্ষা অফিসার

হাজীগঞ্জ, চাঁদপুর।

স্মারক নং:ইউআরসি/হাজী/চাঁদ/বাংলা/২০২৩/৬৫/৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। পরিচালক(প্রশিক্ষণ)প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। সুপারিনটেনডেন্ট, আলীগঞ্জ পিটিআই, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁদপুর।
- ৫। অফিস কপি।

তারিখ: ০৬/০৪/২০২৩ খ্রি:

রশেদা আতিক রোজী

ইন্সট্রাক্টর

উপজেলা রিসোর্স সেন্টার

হাজীগঞ্জ, চাঁদপুর।